



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(১২)/৫/৬৯৪

তারিখ : ১২ অক্টোবর, ২০২২

### নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর পরিবহন দপ্তরের জন্য স্থায়ী পদে ড্রাইভার ০৮(আট) জন এবং হেলপার ০৮(আট) জন লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল :

ড্রাইভার : ৯৭০০-২৩৪৯০/= (গ্রেড-১৫, জাতীয় বেতন স্কেল ২০১৫)

হেলপার : ৮২৫০-২০০১০/= (গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫)

### যোগ্যতা/অভিজ্ঞতা

ড্রাইভার : প্রার্থীকে ন্যূনতম ৮ম শ্রেণী পাসসহ মধ্যম লাইসেন্সধারী হতে হবে। গাড়ী মেরামত কাজে অভিজ্ঞ এবং ভারী লাইসেন্সধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩৫ বছর।

হেলপার : এসএসসি/সমমান পাশ অথবা ৮ম শ্রেণী পাসসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর।

### আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ড্রাইভার পদের জন্য ২০০/= (দুইশত) টাকার এবং হেলপার পদের জন্য ১৫০/= (একশত পঞ্চাশ) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ০৩ নভেম্বর, ২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ/বিবেচনা করা হবে না।

আন্তর্গামী প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার